গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্লাউ ইউনিট
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

## উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড় এর পরিদর্শন প্রতিবেদনঃ

আমি গত ১০/০৩/২০২০ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টায় উপপরিচালকের কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর পঞ্চগড় এর কার্যালয় পরিদর্শন করি। পরিদর্শনকালে উপপরিচালক রুখশানা মমতাজসহ অন্যান্য কর্মকর্তা/কর্মচারী উপস্থিত থেকে পরিদর্শন কাজে সহায়তা করেন। পরিদর্শনকালে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, বোদা বেগম মরিয়ম খানম এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তেঁতুলিয়া করুনা কান্ত রায় উপস্থিত ছিলেন। এ অফিসে সংরক্ষিত/ব্যবহার্য বিভিন্ন রেজিষ্টার দেখা গেল। ক্যাশ বহিসহ অন্যান্য রেজিষ্টারের সংরক্ষণ মান ভালো। রেজিষ্টার সমূহ হালনাগাদ করা হয়েছে। পরিদর্শনকালে নিম্নবর্ণিত তথ্যাদি পাওয়া গেল:

### ০১. জনবল সংক্রান্ত তথ্যঃ

উপপরিচালকের কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর পঞ্চগড় এর অনুমোদিত জনবল কর্মকর্তা ২জন এবং কর্মচারী ৪জন। প্রোগ্রাম অফিসার এর পদটি শূন্য। বোদা, আটোয়ারি,তেঁতুলিয়া উপজেলার অফিস সহকারি কাম কম্পিউটার অপারেটর এর পদটি শূন্য আছে।

সুপারিশ : শূন্য পদসমূহ পূরণের জন্য মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষণ করা হলো এবং উক্ত পদসমূহ পূরণের জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে উপপরিচালক কে পরামর্শ দেয়া হলো।

### ০২. নিজস্ব অফিস ভবন নির্মাণ সংক্রান্তঃ

উপপরিচালকের কার্যালয় মহিলা বিষয়ক অধিদপ্তর পঞ্চগড় এর নিজস্ব অফিস ভবন নাই। ভাড়াবাড়ীতে অফিসের ও প্রশিক্ষণের কাজ চলছে। উপপরিচালকের কার্যালয়ের নিজস্ব ভবন নির্মাণের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তর থেকে ৩৩ শতক খাস জমির প্রস্তাব প্রেরণের জন্য পত্র পাওয়া গেছে। নিজস্ব ভবন নির্মাণের জন্য ৩৩ শতক খাস জমি পাওয়ার জন্য জেলা প্রশাসক বরাবর পত্র প্রেরণ করা হয়েছে মর্মে জানা গেল।

সুপারিশ : নিজস্ব ভবন নির্মাণের জন্য খাস জমি পাওয়ার জন্য প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে ।

### ০৩। ভিজিডি কর্মসূচিঃ

২০১৯-২০ভিজিডি চক্রে পঞ্চগড় জেলায় কার্ড সংখ্যা ১৫৮৮৯ টি। ২০১৯-২০ চক্রের ফেব্রুয়ারি/২০২০ পর্যন্ত ভিজিডি খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে। পঞ্চগড় জেলার ভিজিডি উপকারভোগীদের প্রশিক্ষণের জন্য চুক্তিবদ্ধ সকল এনজিও প্রতিনিধিদের সঙ্গে প্রশিক্ষণ ও সঞ্চয় ব্যবস্থাপনা সংক্রান্ত আলোচনা করা হয়।

সুপারিশ : ভিজিডি কার্যক্রমে এনজিও কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ ও সঞ্চয় ব্যবস্থাপনা যথাযথভাবে মনিটরিং করার জন্য পরামর্শ দেয়া হলো।

০৪। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচিঃ

এ কর্মসূচির আওতায় ২০১৮-১৯ অর্থ বছরে পঞ্চগড় জেলায় মোট উপকারভোগীর সংখ্যা ৬৯৪৩ জন। উক্ত উপকারভোগীদের স্ব-স্ব নামের ব্যাংক হিসাবে জুলাই/১৯ হতে ডিসেম্বর/১৯ পর্যন্ত ৬ মাসের জন প্রতি ৪৮০০/- (চার হাজার আটশত) টাকা করে G2P এর মাধ্যমে প্রদান করা হয়েছে। ২০১৯-২০ অর্থ বছরে নতুন করে প্রতি ইউনিয়নে ৮৫ জনের প্রাথমিক তালিকা অনুমোদিত হয়েছে। এখন MIS এ ডাটা এন্ট্রির কাজ চলছে।

সুপারিশ : নতুন ভাতাভোগীদের MIS এ ডাটা এন্ট্রির কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।

০৫। কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচি :

কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির আওতায় পঞ্চগড় পৌরসভায় ১৫০০ জন, বোদা পৌরসভায় ৪২৫ জন, দেবীগঞ্জ পৌরসভায় ৪০০ জন, সর্বমোট পঞ্চগড় জেলায় উপকারভোগী ২৩২৫ জন। উক্ত ২৩২৫ জন উপকারভোগীর জুলাই/১৮ হতে জুন/২০১৯ খ্রিঃ মাস পর্যন্ত ১২ মাসের জন প্রতি ৯৬০০/- (নয় হাজার ছয়শত) টাকা করে G2P এর মাধ্যমে প্রদান করা হয়েছে। ২০১৯-২০ অর্থ বছরে সকল পৌরসভায় নতুন মোট ১১৫৫ জন ভাতাভোগী নির্বাচন সম্পন্ন হয়েছে। এখন MIS এ ডাটা এন্ট্রির কাজ চলছে।

সুপারিশ : নতুন ভাতাভোগীদের MIS এ ডাটা এন্ট্রির কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।

০৬। মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমঃ

গ্রামীণ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় শুরু থেকে এ পর্যন্ত পঞ্চগড় জেলায় ৮০০ জন দুঃস্থ মহিলাকে ৬৪,৪১,০০০/-(চৌষট্টি লক্ষ একচল্লিশ হাজার) টাকা ঋণ প্রদান করা হয়েছে। ঋণ আদায় হয়েছে ৩৪,০৫,২৮৬/- (চৌত্রিশ লক্ষ পাঁচ হাজার দুইশত ছিয়াশি) টাকা। মাঠ পর্যায়ে অনাদায়ী রয়েছে ৩২,৮৮,৮০৫/-(বত্রিশ লক্ষ আটাশি হাজার আটশত পাঁচ) টাকা মাত্র।

সুপারিশ : ক্ষুদ্রঋণ কার্যক্রম সন্তোষজনক নয়। খেলাপিঋণ আদায়ের জন্য আরো সক্রিয় হওয়া এবং ঋন খেলাপিদের নোটিশ প্রদান করতে উপপরিচালককে পরামর্শ প্রদান করা হলো।

**০৭. সেলাই মেশিন সংক্রান্তঃ**

মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় থেকে মাননীয় সংসদ সদস্যদের নামে বরাদ্দকৃত সেলাই মেশিন উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড় হতে বিতরণ করা হয়। ২০১৯-২০ অর্থ বছরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় থেকে মাননীয় সংসদ সদস্যদের নামে বরাদ্দকৃত ১০ টি সেলাইমেশিন পাওয়া গিয়েছে। মেশিন বিতরণ কর্যক্রম চলমান রয়েছে।

সুপারিশ : বরাদ্দপত্রের তালিকা অনুযায়ী সেলাই মেশিন বিতরণ কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে ।

০৮। জেলা ও উপজেলা পর্যায়ে মহিলাদের প্রশিক্ষণ:

পঞ্চগড় জেলায় জেলা পর্যায়ে জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ৫টি ট্রেড রয়েছে। যথা- আধুনিক গার্মেন্টস, শো-পিচ তৈরী,মোমবাতি তৈরী,খাদ্য প্রক্রিয়াজাত করণ , ব্লক বাটিক। প্রতি ট্রেডে ২০ জন করে মোট ১০০ জন প্রশিক্ষনার্থী ভর্তি করা হয়েছে। তাদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। উক্ত ট্রেড সমূহের প্রশিক্ষণ ক্লাস দেখা গেল। প্রশিক্ষনার্থীদের উপস্থিতির হার সন্তোষজনক। এ কর্মসূচির শুরু থেকে এ পর্যন্ত এ জেলার ৮৫০ জন নারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। আটোয়ারি ও তেঁতুলিয়া উপজেলায় মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে (WTC) দর্জিবিজ্ঞান ট্রেডে ৩০ জন করে ০৩ মাস মেয়াদে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে মর্মে জানা যায়। এছাড়াও 'উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ), প্রকল্পের আওতায় তেঁতুলিয়া , আটোয়ারি, বোদা, দেবীগঞ্জ উপজেলায় ২টি ট্রেডে ০৩ মাস মেয়াদে ৫০ জন করে প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া পঞ্চগড় জেলায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও ভোলা সমাজ উন্নয়ন সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন ছিটমহলের নারীদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রশিক্ষন কর্মসূচি চলমান রয়েছে।

সুপারিশ : প্রশিক্ষণের মান বজায় রাখতে হবে এবং প্রশিক্ষণ কার্যক্রমের মনিটরিং জোরদার করতে হবে।

**০৯. নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও বাল্য বিবাহ নিরোধ সংক্রান্ত বিষয়ঃ**

পঞ্চগড় জেলায় নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে এবং বাল্য বিবাহ নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা অব্যাহত আছে। প্রতিবেদন অনুসারে জেলা ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের মাধ্যমে ২০১৯-২০২০ অর্থ বছরে ১৬৪ টি উঠান বৈঠক করা হয়েছে। উপকারভোগীর সংখ্যা ১২৪১৬ জন। বাল্য বিবাহ বন্ধ করা হয়েছে ০৪ টি। উঠান বৈঠক বা আলোচনা সভার জন্য কোন প্রকার বরাদ্দ নেই মর্মে জানা গেল। অথচ এ মন্ত্রণালয়ের 'তথ্য আপা' প্রকল্পে উঠান বৈঠকের জন্য বরাদ্দ প্রদান করা হচ্ছে। উপজেলা প্রশাসনের সাথে যোগাযোগ করে জাতীয় দিবসসমূহ যথাযথভাবে পালন করা হচ্ছে মর্মে জানা গেল।

সুপারিশ : নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে এবং বাল্য বিবাহ নিরোধে উঠান বৈঠক ও আলোচনা সভা অব্যাহত রাখতে হবে। উঠান বৈঠক আয়োজনের জন্য জেলা/উপজেলা কার্যালয়কে অর্থ বরাদ্দ প্রদান করার বিষয়ে মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষণ করা হলো।

১০। স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহ :

পঞ্চগড় জেলায় মোট নিবন্ধিত স্বেচ্ছাসেবী মহিলা সমিতির সংখ্যা ১৬৯ টি। তাদের মধ্যে নিষ্ক্রিয় সমিতির সংখ্যাই বেশি। এ জেলা থেকে ২০১৮-১৯ অর্থ বছরে ২৮ টি সমিতিকে ১০,১০,০০০/- (দশ লক্ষ দশ হাজার) টাকা অনুদান প্রদান করা হয়েছে।

সুপারিশ : আরো বেশী স্বেচ্ছাসেবী মহিলা সমিতি গঠন/রেজিস্ট্রেশন এর উদ্যোগ গ্রহণ করতে হবে। স্বেচ্ছাসেবী মহিলা সমিতিসমূহের কার্যক্রম পরিবীক্ষণ করতে হবে এবং নিষ্ক্রিয় সমিতিসমূহকে সক্রিয় করার উদ্যোগ গ্রহণ করতে হবে।

**সার্বিক মন্তব্য :**

উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড় এর প্রশাসনিক ও প্রশিক্ষণ কার্যক্রম সন্তোষজনক। প্রশিক্ষণ কার্যক্রমসমূহ বিশেষ করে এনজিও কর্তৃক প্রশিক্ষণ কার্যক্রম এবং সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচিসমূহ বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং এর উপর বিশেষ গুরুত্ব দেয়ার জন্য উপপরিচালক কে পরামর্শ প্রদান করা হলো। এছাড়া এ জেলায় মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ও ভোলা সমাজ উন্নয়ন সংস্থা কর্তৃক বাস্তবায়নাধীন ছিটমহলের নারীদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রশিক্ষন কর্মসূচির চলমান প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং করার জন্য উপপরিচালক কে অনুরোধ করা হলো।

সংযুক্ত : পরিদর্শনের ছবি ০১ (এক) ফর্দ।

(মো: ইকবাল হোসেন)
যুগ্মসচিব

নং- ৩২.০০.০০০০.০৯২.২৫.০০১.১২-৪৭

তারিখঃ ০৮ চৈত্র ১৪২৬
২২ মার্চ ২০২০

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :**

১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব(প্রশাসন/উন্নয়ন ও পরিকল্পনা),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, 'উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজিএ), প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৫। উপসচিব (সমন্বয়), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-১) ও APA ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৭। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৮। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড়।
৯। অফিস নথি।

22.03.2020

(মো: ইকবাল হোসেন)
যুগ্ম সচিব
☎ ৯৫৫৯৫২৭

উপপরিচালকের কার্যালয়, মহিলা বিষয়ক অধিদপ্তর, পঞ্চগড় পরিদর্শনের কয়েকটি ছবি।



উপপরিচালক পঞ্চগড়, ও উপজেলা মহিলা বিষয়ক
কর্মকর্তাদের সাথে পরিদর্শণকারী



উপপরিচালকের কার্যালয়ে জীবিকায়নের জন্য মহিলাদের
দক্ষতা ভিত্তিক প্রশিক্ষণার্থীদের সাথে পরিদর্শণকারী



উপপরিচালকের কার্যালয়ে জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতা
ভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির প্রশিক্ষকদের সাথে পরিদর্শণকারী



পঞ্চগড় জেলায় ছিটমহলের নারীদের জীবনযাত্রার মান
উন্নয়ন প্রশিক্ষন কর্মসূচির কার্যক্রমে অংশগ্রহণ